

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
নাশিনিপ্র অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩২.০০.০০০০.০৩৭.৯৯.০৪০.১৬-১২

তারিখঃ ১২/০৬/২০২৩ খ্রিঃ।

বিষয়ঃ পরিদর্শন প্রতিবেদন।

আমি নিম্নস্বাক্ষরকারী ১৮/০৫/২০২৩ তারিখ দুপুর ১২:০০ টায় জাতীয় মহিলা সংস্থা, ময়মনসিংহ জেলা কার্যালয় পরিদর্শন করি। পরিদর্শনকালে জাতীয় মহিলা সংস্থা, ময়মনসিংহ এর চেয়ারম্যান মহোদয়সহ, জেলা কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ময়মনসিংহ কর্মকর্তাসহ অন্যান্য কর্মচারী উপস্থিত ছিলেন। জাতীয় মহিলা সংস্থার আওতায় বিভিন্ন প্রকল্প সমূহের প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করা হয়।

বর্তমানে এ দপ্তরের আওতায় চলমান কার্যক্রম/প্রকল্পসমূহের বিবরণঃ

ক) রাজস্ব বাজেটের আওতায় কর্মসূচিসমূহঃ

- ১। সেলাই ও এন্ড্রোয়ডারি: ৪মাস মেয়াদি প্রশিক্ষণ কোর্সে ৬২তম ব্যাচ চলমান আছে। প্রতি ব্যাচে ৩০ জন প্রশিক্ষার্থীর প্রশিক্ষণের সুযোগ রয়েছে। দৈনিক ১০০.০০ (একশত) টাকা হারে উপস্থিতি ভাতা প্রদানের মাধ্যমে এই কোর্স পরিচালিত হচ্ছে।
- ২। মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম: মাননীয় প্রধানমন্ত্রী ব্যক্তিগত তহবিল দ্বারা পরিচালিত এ কার্যক্রমের আওতায় ঋণ বরাদ্দ ও বিতরণে কার্যক্রম চলমান রয়েছে।

খ) উন্নয়ন বাজেটের আওতায় প্রকল্পসমূহঃ

- ১। জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা): ৬ মাস মেয়াদি প্রশিক্ষণ কোর্সে চলমান আছে। প্রতি ব্যাচে (২৫+২৫) = ৫০ জন প্রশিক্ষার্থীর প্রশিক্ষণের সুযোগ রয়েছে। কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন ও গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়া প্রোগ্রামিং কোর্সের মাধ্যমে শিক্ষিত বেকার মহিলাদের অগ্রাধিকার প্রদানসহ আগ্রহী ছাত্রীদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রকল্পটি জুন ২০২৩ তে সমাপ্ত হয়ে যাবে মর্মে জানা গেল। কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের মাঝে এ নিয়ে বেশ হতাশা বিরাজ করছে।

সুপারিশঃ


১. এ কার্যালয়ের দেয়ালে লাগানো প্রচার প্রচারণা সম্পর্কিত পোস্টার সমূহ সুন্দরভাবে বিলবোর্ড আকারে পুনঃস্থাপন করা।
২. প্রকল্পটির কার্যক্রম টেকসই হওয়ার লক্ষ্যে প্রকল্প সমাপ্তির পূর্বেই প্রয়োজনীয় যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য সুপারিশ করা হলো।

গ) তথ্য আপা প্রকল্প: ময়মনসিংহ জেলা শহরে অবস্থিত তথ্য আপা প্রকল্পের কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে এ কার্যালয়ের তথ্য সেবা কর্মকর্তাসহ, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, উপপরিচালক, ময়মনসিংহ কর্মকর্তাসহ অন্যান্য কর্মচারী উপস্থিত ছিলেন। তথ্য আপা প্রকল্পের মাধ্যমে পরিচালিত বিভিন্ন ধরনের সেবা সম্পর্কিত বিষয়ে অবিহত হওয়া গেল (ইন্টারনেটের মাধ্যমে তথ্য সেবা প্রদান, প্রাথমিক স্বাস্থ্য সেবা ডোর টু ডোর সেবা প্রদান, উঠান বৈঠক মুক্ত আলোচনা, সচেতনতামূলক কার্যক্রম)। তথ্য সেবা কর্মকর্তা আরো জানান যে, স্থানীয় ডায়াবেটিক রোগীর চাপ অনেক রয়েছে।



সুপারিশ:

১. প্রকল্পটি টেকসই লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রকল্পের মেয়াদ সমাপ্তির পূর্বেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


১২/০৬/২০২০
(সাবিনা ফেরদৌস)
উপসচিব (সেল)
02-55100643

সচিব

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। উপসচিব (শিশু ও সমন্বয়) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, আইসিটি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।